তারিখ 31 MAR 1991
পৃষ্ঠা ... ২ ... কলাম ... ৮

দৈনিক সংবাদ

# পরীক্ষা অনুষ্ঠান ব্যবস্থাপনায় সংস্কার সাধনে সুপারিশ পেশের জন্য কমিটি গঠন

সরকার দেশের মাধ্যমিক, উচ্চ মাধ্যমিক, স্নাতক ও মাদ্রাসার বিভিন্ন পাবলিক পরীক্ষায় দুর্নীতি রোধকল্পে পরীক্ষা অনুষ্ঠান ব্যবস্থাপনায় সংস্কার সাধনের লক্ষ্যে সুপারিশমালা প্রণয়নের জন্য শিক্ষা প্রতিমন্ত্রী অধ্যক্ষ মোঃ

পরীক্ষা অনুষ্ঠানঃ পৃঃ ৭ কঃ ৬

## পরীক্ষা অনুষ্ঠান ঃ সংস্কার সাধনে কমিটি

( প্রথম পাতার পর )

ইউনুস খানকে আহ্বায়ক করে একটি উচ্চ পর্যায়ের কমিটি গঠন করেছেন। এ কমিটির সদস্যরা হচ্ছেন উইং কমাণ্ডার (অবঃ) এম, হামিদুল্লাহ খান-এমপি, আলহাজ্ব ডঃ আবদুল লতিফ ভুঞা-এমপি, আবদুল হাই-এমপি, ডঃ মঈন খান-এমপি, দৈনিক দেশের মহাব্যবস্থাপক এ, কে, এ ফিরোজ নুন, ঢাকা বিশ্ববিদ্যালয়ের পরীক্ষা নিয়ন্ত্রক ও বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা'র চেয়ারম্যান। মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা'র চেয়ারম্যান এ কমিটির সদস্য সচিবের দায়িত্ব পালন করবেন।

এ কমিটি প্রশ্নপত্র প্রণয়ন হতে তা পরীক্ষা কেন্দ্রে বিতরণ পর্যন্ত প্রশ্নপত্রের নিরাপত্তা ও গোপনীয়তা রক্ষায় বর্তমানে প্রচলিত ব্যবস্থা পর্যালোচনা করে প্রশ্নপত্র ফাঁস বন্ধের জন্যে উক্ত ব্যবস্থার উন্নয়ন এবং শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক পরীক্ষার্থী মনোনয়নের প্রচলিত ব্যবস্থা পর্যালোচনা করে অবৈধ ছাত্রছাত্রীদের পরীক্ষায় অংশগ্রহণ রোধকল্পে উন্নততর পন্থা নির্ধারণ সম্পর্কে সুপারিশ পেশ করবেন। কোন বহিরাগতের পক্ষে যাতে পরীক্ষাকেন্দ্রে নকল সরবরাহ করা সম্ভব না হয় তজ্জন্য পরীক্ষাকেন্দ্র নির্ধারণ ও কেন্দ্রের আইন-শৃংখলা রক্ষা পদ্ধতির উন্নয়ন সাধন, প্রচলিত পরীক্ষা পরিচালনা পদ্ধতি পর্যালোচনা করে দুর্নীতি মুক্ত ও সুষ্ঠু পরীক্ষা অনুষ্ঠানের সম্ভাব্য সাংগঠনিক ব্যবস্থা গ্রহণ, পরীক্ষার পরে পরীক্ষার্থীদের উত্তরপত্র সংগ্রহ থেকে ফল প্রকাশ পর্যন্ত বিভিন্ন কার্যক্রমের গোপনীয়তা, নিরাপত্তা ও সততা নিশ্চিতকরণ এবং পরীক্ষায় দুর্নীতির আশ্রয় গ্রহণকারী ও দুর্নীতিতে সহায়তাকারীদের শাস্তি প্রদানের ব্যাপারে বিদ্যমান আইন ও বিধিগত কাঠামোতে প্রয়োজনীয় সংশোধনীর ব্যাপারে সুপারিশমালা প্রণয়ন করবেন।

এ কমিটি আগামী দুই সপ্তাহের মধ্যে সরকারের কাছে এ সংক্রান্ত প্রতিবেদন পেশ করবেন। খবর তথ্য বিবরণীর।

86